গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আখতার হোসেন<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৯.০৬.২০২১ খ্রি. |
| সভার সময় | বেলা ৩:০০ ঘটিকা |
| স্থান | ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা' বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ৪র্থ সভায় অংশগ্রহণকৃত এ মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১' বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সহকর্মীদের আন্তরিক ধন্যবাদ জানান। এরপর সভাপতি শুদ্ধাচার ফোকাল ফয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র অনুযায়ী তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। শুদ্ধাচার ফোকাল ফয়েন্ট কর্মকর্তা গত ২৮ মার্চ ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করলে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সর্বসম্মতভাবে তা অনুমোদন করেন।

০৩। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট ২৮ মার্চ ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভাপতি ২৮ মার্চ ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় (সংলাগ-ক) সন্তোষ প্রকাশ করেন।

০৪। এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০২১) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

| ক্র.নং | কার্যক্রম | ৪র্থ কোয়ার্টারেরে লক্ষমাত্রা | ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা। | ১ টি | ১ টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | ১০০% | ১০০% |
| ২.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণেসভা। | ১ টি | ২ টি |
| ২.২ | অংশীজনের অংশগ্রহণেসভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | ৮০% | ৮০% |

| | | | |
|---|---|---|---|
| ৩.১ | যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | ৩০/০৬/২১ | ২৯/০৬/২১ |
| ৩.২ | জাতীয় যুবনীতি ২০১৭ অনুযায়ি যুব কাউন্সিল গঠণের জন্য বিধিমালা জারি। | ৩০/০৬/২১ | ২৪/০৬/২১ |
| ৪.১ | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ। | ৩০/০৬/২১ | ৩০/০৬/২১ |
| ৪.২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ । | ৩০/০৬/২১ | ৩০/০৬/২১ |
| ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকারসেবাবক্স হালনাগাদকরণ। | ৩০/০৬/২১ | ৩০/০৬/২১ |
| ৪.৫ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ। | ৩০/০৬/২১ | ৩০/০৬/২১ |
| ৫.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ। | ১০০% | ১০০% |
| ৬.৩ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন পরিবীক্ষণ । | ৮০% | ৮০% |
| ৭.২ | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন। | ৪০% | কার্যক্রমটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | ৮০% | ১০০% |
| ৮.২ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন। | ২০ টি | ২০ টি |
| ৮.৩ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয়পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন। | ৮০% | ৮০% |
| ৮.৫ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ। | ১০০% | ১০০% |
| ৯.৩ | বিকেএসপি-এর তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম পরিবীক্ষণ। | ৩০/০৬/২১ | কোভিড জনিত কারনে কার্যক্রমটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। |
| ৯.৪ | ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি অনুযায়ি ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | ৩০/০৬/২১ | ৩০/০৬/২১ |
| ৯.৫ | শূন্য পদসমূহ পূরণের আবেদন অনলাইনে গ্রহণ। | ১০০% | টেলিটকের সাথে শূন্য পদসমূহ পূরণের আবেদন অনলাইনে গ্রহণ সঙক্রান্ত চুক্তি সম্পাদিত |
| ১০.১ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদেরতালিকাওয়েবসাইটেপ্রকাশ। | ৩০/০৬/২১ | ১৪০/০৬/২১ |
| ১১.১ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)।<br>১. পরিস্কার পরিচছন্নতা বৃদ্ধি।<br>২.সুরক্ষা সামগ্রী বিতরণ । | ১টি ও ৩১/০৩/২১ | ১টি ও ১১/০৩/২১ |
| ১২.১ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থেরআনুমানিক পরিমাণ। | ৫ লক্ষ | ৮০,৯৭০/- |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | ১৫/০৪/২১ | ২৮/০৩/২১ |
| ১৩.৩ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃতজাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণপ্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | ১৫/০৪/২১ | ১১/০৪/২ |

০৫। এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের

স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন (সংলাগ-খ) সভায় উপস্থাপন করেন।এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অর্থবছরের স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত অর্জিত নম্বর ৯৩।

০৬। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবংআওতাধীন সকল দপ্তর/সংস্থা-এর' জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২'-এর গৃহিত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

খ) এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০৭/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

গ) এ মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অর্থবছরের স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে; এবং

ঘ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৪র্থ কোয়ার্টরের প্রতিবেদনএবং স্বমূল্যায়ন পদ্ধতিতে মূল্যায়নকৃত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১.৫৪৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
৫) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭) যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮) উপসচিব/উপপ্রধান(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) সিনিয়র সহকারী সচিব(সকল)/সহকারী সচিব(সকল)/সহকারী প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর/বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া

পরিদপ্তর/জাতীয় ক্রীড়া পরিষদ/বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।

১২) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব